নিজের পদে চমকে গেলেন নেতা! টুঙ্গিপাড়ায় ছাত্রদলের কমিটিতে অজান্তেই নাম

রাজ তালুকদার : সংগৃহীত ছবি

গোপালগঞ্জের টুঙ্গিপাড়া উপজেলা ছাত্রদলের সদ্যঘোষিত কমিটি নিয়ে উঠেছে নানা প্রশ্ন। তালিকাভুক্ত একজন নেতা যুগ্ম আহ্বায়ক পদপ্রাপ্ত রাজ তালুকদার নিজেই জানেন না, তিনি কমিটিতে পদ পেয়েছেন! টুঙ্গিপাড়া উপজেলার পাঁচটি ইউনিয়নে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় এসব কমিটির অনুমোদন দেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক ইসমাইল হোসেন ও সদস্যসচিব আব্দুর রহিম।

নতুন কমিটিতে ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক পদপ্রাপ্ত রাজ তালুকদার সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করে বলেন, তিনি কমিটির বিষয়ে কিছুই জানতেন না এবং রাজনীতির সঙ্গে তাঁর কোনো সম্পৃক্ততাও নেই।

তিনি আরও বলেন, ‘ আজকে ডুমুরিয়া ইউনিয়ন ছাত্রদলের কমিটি ঘোষণা করা হয়েছে, সেখানে আমাকে যুগ্ম আহ্বায়ক করা হয়েছে। উক্ত কমিটি সম্পর্কে আমি অবগত নই। আমি আগেও কোনো রাজনীতির সঙ্গে ছিলাম না, ভবিষ্যতেও থাকব না।’

এ বিষয়ে স্থানীয় ছাত্রদলের একাধিক নেতা জানান, দ্রুত সময়ের মধ্যে কমিটি দেওয়ার জন্য অনেক ক্ষেত্রেই পর্যাপ্ত যাচাই না করেই নাম সংযুক্ত করা হয়ে থাকতে পারে।

কমিটি অনুমোদন দেওয়া উপজেলা ছাত্রদলের আহ্বায়ক ইসমাইল হোসেন বলেন, ‘রাজ তালুকদার নিজেই আমার কাছে জীবনবৃত্তান্ত জমা দিয়েছিল ছাত্রদলের কমিটিতে যুক্ত হওয়ার জন্য। এখন তার এমন আচরণে আমি বিস্মিত। বিষয়টি হাইকমান্ডকে জানানো হয়েছে। তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।’

এ নিয়ে সামাজিক মাধ্যমে সমালোচনার ঝড় উঠেছে। কেউ কেউ বলছেন, সংগঠনের আস্থা ফেরাতে হলে এ ধরনের অস্বচ্ছ প্রক্রিয়া পরিহার করে স্বচ্ছ ও গণতান্ত্রিকভাবে কমিটি গঠন করতে হবে।